তারিখ
পৃষ্ঠা কলাম
NOV. 28 2002

# নিম্নমানের ১০ হাজার স্কুল কলেজ মাদ্রাসার বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে

## বিবিসিকে শিক্ষা সচিব শহিদুল আলম

বিবিসি

শিক্ষা বিভাগ প্রায় ১০ হাজার শিক্ষা প্রতিষ্ঠানকে মানের দিক থেকে খারাপ অথবা অন্যান্য কারণে চিহ্নিত করেছে। শিক্ষা মন্ত্রণালয়ের সচিব মোঃ শহিদুল আলম বলেছেন, চিহ্নিত এসব স্কুল, কলেজ ও মাদ্রাসার বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। এমনকি অনেক শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করেও দেয়া হতে পারে। দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মধ্যে কোনটির শিক্ষার গুণগতমান ভাল আর কোনটিতে খারাপ তা চিহ্নিত করার ব্যাপারে গত নভেম্বরে সরকার সিদ্ধান্ত নেয়। সেই সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর ওপর জরিপ চালিয়ে একেবারে নিম্নমানের ১০ হাজার শিক্ষা প্রতিষ্ঠানকে চিহ্নিত করা হয়েছে। শিক্ষা সচিব শহিদুল আলম বলেন, গত ৮ থেকে ৯ মাস ধরে জরিপ চালানো হয়। এতে দেখা যায়, ৩০ শতাংশ শিক্ষা প্রতিষ্ঠান বেশ ভাল, ৩০ শতাংশের গুণগত মান চলনসই আর ৩০ শতাংশ আছে সেগুলোর মান খুবই খারাপ। এই শেষ ৩০ ভাগকে প্রথমত কারণ দর্শাতে বলা হবে। তারপর সদুত্তর না পেলে বোর্ডগুলোকে বলা হবে এদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নিতে। এ পর্যায়ে কিছু শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ হবে। এই সংখ্যা ১০ হাজার না হলেও দু'চার হাজার তো হবেই। তিনি বলেন, রাজনৈতিক ও সামাজিক চাপে অনেক সময় ব্যাঙের ছাতার মতো স্কুল, কলেজ ও মাদ্রাসা হচ্ছে। এগুলো বন্ধ করার চেষ্টা চলছে। কিন্তু যেগুলো সত্যি ভুয়া সেগুলোর বিরুদ্ধে অবশ্যই কিছু কঠোর ব্যবস্থা নেয়া হবে।